

তারিখ ... ২ OCT 2009 ...
পৃষ্ঠা ... ৮ ...

চাবির ভর্তি ফরম কালোবাজারে আইবিএ ও আইইআরের ভর্তি ফরম অনলাইনে বিতরণের সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০০৯-১০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফরম সংগ্রহ নিয়ে প্রথম দিনেই গভকাল (বৃহস্পতিবার) কালোবাজারি ঘটনা ঘটেছে। এ ঘটনার সঙ্গে জড়িত কয়েকজনকে আটক করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে বেশ কিছু ফরমও উদ্ধার করা হয়। আটককৃতদের কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র জব্দ করার পর তাদের ছেড়ে দেয়া হয়েছে। প্রথম দিনে ফরম বিক্রি হয়েছে ১৩ হাজার ৮১২টি। এদিকে চারুকলা অনুষদের পর এবার আইবিএ এবং আইইআর ইনস্টিটিউটের ভর্তি ফরমও অনলাইনে বিতরণ ও জমা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে একাডেমিক ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. সাইফুল ইসলাম খান। তিনি বলেন, ইতোমধ্যে অবৈধ কারো সঙ্গে জড়িত থাকার কারণে তাদের শোকজ নোটিশ পাঠানো হয়েছে। জানা যায়, এরা সবাই বিশ্ববিদ্যালয়ের ছাত্র। কালোবাজারি সঙ্গে জড়িতদের মধ্যে পরিচয় পাওয়া দু'জন হলো আইন বিভাগের ১ম বর্ষের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্র মোতাম্মেল হোসাইন এবং জহরুল হক হলের উর্ম ৭/১২ ক ১৩

চাবির ভর্তি ফরম

১৩-০৯-১০ তারিখ পর্যন্ত
১ম বর্ষের ছাত্র আব্দুল্লাহ আল মামুন
গভকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ১ম বর্ষ ভর্তি ফরম বিতরণের মধ্যে ৩ বছরের ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ফরম বিতরণে সব ধরনের বিপুলস্বপ্ন এড়াতে প্রতিটি ইউনিটের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পৃথক কমিটি গঠন করা হয়েছে। তা সত্ত্বেও ফরম বিতরণের প্রথম দিনেই কালোবাজারি ঘটনা ঘটেছে।

ফরম বিতরণের ১ম দিনে সর্বমোট ১৩ হাজার ৮১২টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে 'ক' ইউনিটের (বিজ্ঞান বিভাগ) ৫ হাজার ৯০৭টি; 'গ' (যোগাযোগ বিভাগ) ইউনিটের ১ হাজার ৫২১টি; 'খ' ইউনিটের (মানবিক বিভাগ) ২ হাজার ৮৭০টি; 'ঘ' ইউনিটের (বিভাগ পরিবর্তন) ৩ হাজার ৯৮১টি ও আইবিএ ৫৪০টি ফরম বিক্রি হয়েছে।

জানা গেছে, 'খ', 'গ' ও 'ঘ' ইউনিটের বেশ কিছু ফরম জব্দ করা হয়েছে। ফরমগুলো বিক্রি ক্রেতা সেটার বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মাধ্যমে কিনে চড়া দামে বিক্রি করে।

ফরম বিতরণের প্রথম দিনে প্রচণ্ড চিড় ছিল। উচ্চশিক্ষার অগ্রদূত সকাল থেকেই বিশ্ববিদ্যালয় অর্ন্তস্থিত টিএসসির জনতা ব্যাংক, রেজিস্ট্রার ভবনে অবস্থিত সেন্সারী ব্যাংক ও কার্জন হল এলাকার অবস্থিত অসম্পূর্ণ ব্যাংকে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ফরম সংগ্রহ করে। ১৯ অক্টোবর পর্যন্ত ফরম বিতরণ চলবে।

এদিকে গভকাল 'চ' ইউনিটের অনলাইনে ভর্তি ফরম বিতরণের উদ্বোধন করা হয়। সকালে প্রো-ভিসি প্রফেসর হারুন অর রশিদ-এর অধিবেশনে <http://chaunit.univdhaka.edu> ওয়েবসাইটের উদ্বোধন করেন। এসময় চারুকলা অনুষদের তিন প্রফেসর রফিকুল নবী, প্রাক্তন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ আব্দুল সাত্তারসহ শিক্ষকরা উপস্থিত ছিলেন। আগামী ১৯ অক্টোবর পর্যন্ত শিক্ষার্থীরা অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদনপত্র পূরণ করতে পারবে।

চারুকলা অনুষদে 'চ' ইউনিটের পর এবার ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) এবং শিক্ষা ও ব্যবস্থাপনা ইনস্টিটিউট (আইইআর)-এর ভর্তি ফরম অনলাইনে বিতরণ ও জমা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গভকাল দুপুরে প্রো-ভিসি প্রফেসর ড. হারুন অর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এসময় আইবিএ এবং আইইআর-এর পরিচালকত্ব এবং ইনস্টিটিউট দুটির ভর্তি কার্যক্রমের সাথে সম্পৃক্ত শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয়, আইবিএ-এর বিবিএ ও আইইএ এবং আইইআর-এর বিএএ ১ম বর্ষের আবেদনপত্র অনলাইনে সংগ্রহ ও জমা দেয়া হবে।